ভোরের কাগজ

NOV 04 2002

তারিখ ...............
পৃষ্ঠা ৮ কলাম ৩

# সুনামগঞ্জের ছাত্রদলের কমিটি নিয়ে নেতা-কর্মীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া

**সুনামগঞ্জ প্রতিনিধি** : সুনামগঞ্জ জেলা ছাত্রদলের কাউন্সিল ও সমঝোতা কমিটি গঠন নিয়ে সাধারণ নেতাকর্মীদের মাঝে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

সম্মেলনের কাউন্সিল অধিবেশনে হাতাহাতির ঘটনাকে ছাত্রদলের অনেকে 'সাজানো' ঘটনা হিসেবে আখ্যায়িত করে বলেছেন, কেন্দ্রীয় নেতারা ইচ্ছা করলে সুন্দর কাউন্সিলের মাধ্যমে একটি নির্বাচিত কমিটি জেলা ছাত্রদলকে উপহার দিতে পারতেন। তারা দায়সারাভাবে দায়িত্ব পালন করায় কাউন্সিলাররা তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি।

ছাত্রদলের হেলাল সমর্থক অংশের সাধারণ সম্পাদক প্রার্থী জাকির হোসেন বলেছেন, সন্ত্রাসী কর্মকাণ্ডে অভিযুক্ত এবং সেনাবাহিনীর ভয়ে যে পলায়নপর তার নাম সাধারণ সম্পাদক হিসেবে ঘোষণা দিয়ে কার্যত সন্ত্রাসকে উৎসাহিত করা হয়েছে। তিনি কমিটি পুনর্গঠনের দাবি জানান, জাকির জানান, সন্ত্রাসের বিরুদ্ধে স্লোগান দেওয়ায় তাকে ছুরিকাঘাত করা হয়েছে।

অপরদিকে জেলা ছাত্রদলের অপরাংশের নেতা আবুল মুনসুর শওকত বলেছেন 'গত সংসদ নির্বাচনে দলীয় প্রার্থীর বিরোধিতা করেছে এমন কিছু ছেলে এসে কাউন্সিলে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টায় লিপ্ত থাকায় কেন্দ্রীয় নেতারা নির্বাচন প্রক্রিয়ায় না গিয়ে সমঝোতা কমিটি করে ছাত্রদলের ভাবমূর্তি রক্ষা করেছেন।

উল্লেখ্য, গত ২৮ অক্টোবর সুনামগঞ্জ জেলা ছাত্রদলের সম্মেলনে কাউন্সিল অধিবেশন শুরুর আগে দুপক্ষের হাতাহাতি এবং সংঘর্ষের ঘটনায় ছাত্রদল নেতা জাকির হোসেন ছুরিকাহত হন এবং কাউন্সিল পন্ড হয়ে যায়। পরে কেন্দ্রীয় নেতারা রেস্টহাউসে গিয়ে পুলিশ পাহারায় ছয় সদস্যের একটি সমঝোতা কমিটি গঠন করেছেন।